গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
(রাজস্ব শাখা)
www.habiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.৩৭০০.৩০১.০১.০০১.২২- ৭৮০ তারিখ: ২৮মে ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার ১৭ মে ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২১৬.১২-১৬৫নম্বর স্মারক পত্রের মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর আওতাধীন উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে নিম্নবর্ণিত শূন্যপদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের নাগরিক ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | আবেদন গ্রহণ শুরুর তারিখ | আবেদন গ্রহণের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | অফিস সহায়ক | ২১টি (একুশ) | বেতন গ্রেড-২০<br>বেতন স্কেল-৮,২৫০-২০,১০০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ২১/০৫/২০২৩ | ১৫/০৬/২০২৩ |

শর্তাবলী:

০১। জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ খ্রিস্টাব্দ তারিখে ৩০(ত্রিশ) বছরের মধ্যে হতে হবে অথবা ৩০/০৪/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে কমপক্ষে ১৮(আঠারো) বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। নির্ধারিত আবেদন ফরমে 'জেলা প্রশাসক, হবিগঞ্জ' বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্রের ফরম জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর ওয়েব সাইট www.habiganj.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

০৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ বরাবর আবেদনপত্র আগামী ১৫/০৬/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে অফিস চলাকালীন রেজিস্টার্ড ডাক যোগে পৌঁছাতে হবে। সরাসরি এ কার্যালয়ে কোনো আবেদন গ্রহণ করা হবে না।

০৪। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;

(ক) সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি ও প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল থাকতে হবে)।

(খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের অনুলিপি;

(ঘ) প্রার্থীকে জেলা প্রশাসক, হবিগঞ্জ এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১০০/-(এক শত) টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় ১-৪৬৩২-০০০১-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূলকপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

(ঙ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে ১০/-(দশ) টাকার ডাক টিকেট লাগানো ১০.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে {খামের উপরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং ডান পার্শ্বে আবেদনকারীর পূর্ণনাম ও যে ঠিকানায় প্রবেশপত্র গ্রহণে ইচ্ছুক সেই ঠিকানা স্পষ্টাক্ষরে লিখতে হবে}।

০৫। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্ন বর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজ পত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী: | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ: |
|---|---|---|---|---|
| | | (নাতি/নাতনির ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ) | ১। লাল মুক্তিবার্তা নম্বর:<br>২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর:<br>৩। গেজেট নম্বর ও তারিখ:<br>৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ:<br>৫। বামুস সনদের নম্বর ও তারিখ (ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যেকোন একটি প্রমাণক দাখিল করতে হবে) | ১। জন্মনিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ<br>৪। জন্মনিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ |

০৬। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থান ও তারিখে প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

চলমান পাতা-০২

০৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য নয়।

০৮। বিভাগীয় (চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ডাকযোগে পৌঁছাতে হবে। কোন ক্ষেত্রেই আবেদনের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদের ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল থাকতে হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। অন্যথায় তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটার দাবিদার প্রার্থীদের সনদ/ প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে।

১২। আবেদনপত্র গ্রহণ/বাতিল এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮/০৫/২০২৩

(ইশরাত জাহান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ
email: dchabiganj@gmail.com

স্মারক নম্বর- ০৫.৪১.৬৭০০.৩০১.০১.০০১.২২- ৭৬০ (৩০০) তারিখ: ১৮ মে ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৬। অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। জেলা প্রশাসক, ...................... (সকল)
০৮। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।
১০। সিভিল সার্জন, হবিগঞ্জ।
১১। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
১২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ।
১৩। মেয়র, ........................পৌরসভা, হবিগঞ্জ।
১৪। উপজেলা নির্বাহী অফিসার, ...................(সকল), হবিগঞ্জ।
১৫। সহকারী কমিশনার (ভূমি),...................(সকল), হবিগঞ্জ।
১৬। সহকারী কমিশনার/সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, হবিগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তি ও নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসক, হবিগঞ্জ এর ওয়েবসাইটে আপলোড/প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৭। জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ।
১৮। (ক) সম্পাদক, দৈনিক .........................................................। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় (৪ কলাম x ১২ ইঞ্চি) ০১(এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ০২(দুই) কপি নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
(খ) সম্পাদক, দৈনিক ..............................................., হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় (৪ কলাম x ১২ ইঞ্চি) ০১(এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ০২(দুই) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৯। নোটিশ বোর্ড, এ কার্যালয়।
২০। অফিস কপি।

১৮/০৫/২০২৩

জেলা প্রশাসক
হবিগঞ্জ